দৈনিক ইত্তেফাক
তারিখ ... 05 APR 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 9 ...

66

২২ ছাত্র সংগঠনের যুক্ত বিবৃতি

# ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ বজায় রাখুন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার প্রাক্কালে ২২ ছাত্র সংগঠন গতকাল (বুধবার) এক যুক্ত বিবৃতিতে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার আহ্বান জানাইয়াছে।

বিবৃতিতে বলা হয়, গণতান্ত্রিক রীতিনীতি ও মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল থাকিয়া আমরা বিভিন্ন ছাত্র সংগঠন স্ব-স্ব কার্যক্রম পরি-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

২২ ছাত্র সংগঠন

(১ম পৃঃ পর)

চালনার অঙ্গীকার ব্যক্ত করিতেছি এবং যেকোন বিরোধ পারস্পরিক আলোচনার মাধ্যমে নিষ্পত্তির জন্য সকলের প্রতি আহ্বান জানাইতেছি।

বিবৃতিতে কোন সন্ত্রাসকারীকে ছাত্র সংগঠনে আশ্রয় না দেওয়ার অঙ্গীকার ব্যক্ত করা হয়। সেই সাথে ভবিষ্যতে যে-কোন ধরনের সন্ত্রাসী ঘটনা দমনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিরপেক্ষ কঠোর পদক্ষেপ এবং অতীতে সংঘটিত সকল সন্ত্রাসী ঘটনার সুষ্ঠু বিচার দাবী জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, অব্যাহত সন্ত্রাস ও হত্যাকাণ্ডের পরিণতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ আজ বিপন্ন। অনির্ধারিত বন্ধ এবং সন্ত্রাসী পরিবেশে সাধারণ ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের অবর্ণনীয় ক্ষতি হইতেছে। এক কথায় ঢাকা বিশ্ববিদ্যালয় এক গভীর ষড়যন্ত্রের শিকারে পরিণত হইয়াছে। সরকার ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় এলাকায় বেআইনী অস্ত্র ও সমাজ-বিরোধীদের আগমন ও নির্গমন রোধে ব্যর্থতার পরিচয় দিয়াছে।

বিবৃতিতে বিশ্ববিদ্যালয় এলাকায় এবং হলগুলিতে বহিরাগতদের অবস্থান রোধ করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়।

গতকাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে ভিসির সহিত ছাত্র নেতৃবৃন্দের বৈঠক শেষে ২২ ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ পৃথক বৈঠকে যুক্ত বিবৃতি প্রদানে সম্মত হন। বিবৃতিতে স্বাক্ষরকারীরা হইলেন: ডাকসুর ভিপি সুলতান মোহাম্মদ মনসুর আহমেদ, ডাকসুর সাধারণ সম্পাদক মুশতাক হোসেন, ছাত্রলীগ (হা-অ) সভাপতি হাবিবুর রহমান হাবিব, ছাত্রদলের কেন্দ্রীয় আহ্বায়ক আমান উল্লাহ আমান, ছাত্র ইউনিয়ন সভাপতি মোস্তাফিজুর রহমান বাবুল, ডাকসুর এ, জি, এস নাসির-উদ-দুজা, বিপ্লবী ছাত্র মৈত্রীর সভাপতি জহির উদ্দিন স্বপন, ছাত্রলীগ (না-শ) সভাপতি নাজমুল হক প্রধান, সাধারণ সম্পাদক শফি আহমেদ, জাতীয় ছাত্রলীগ সভাপতি জাহাঙ্গীর সাত্তার টিংকু, সাধারণ সম্পাদক কামাল হোসেন, ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ফজলুল হক মিলন, বিপ্লবী ছাত্র মঞ্চের আহ্বায়ক শামসুজ্জোহা, জাতীয় ছাত্র ঐক্যের মহিউদ্দিন আহমেদ, ছাত্রলীগ (সা-মো) নেতা মোহসীন আব্বাস, গণতান্ত্রিক ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাইফুদ্দিন আহমেদ মনি, ছাত্রলীগ (লু-আ) সভাপতি খন্দকার লুৎফর রহমান, ছাত্রলীগ (হা-অ) যুগ্ম সম্পাদক মমতাজ উদ্দিন মেহেদী, ছাত্রমৈত্রীর সাধারণ সম্পাদক নূর আহমেদ বকুল, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়নের সভাপতি আখতার সোবহান মাশরুর, বাংলাদেশ ছাত্র ফেডারেশনের সৈয়দ জাহাঙ্গীর, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সভাপতি মোস্তফা ফারুক, সাধারণ সম্পাদক বজলুর রশিদ ফিরোজ, ছাত্র ঐক্য ফোরামের আহ্বায়ক নোশরেফা শিশু প্রমুখ।